# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৭৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত সংখ্যা দ্বারা অন্য সংখ্যাকে নাকচ করা উদ্দেশ্য নেননি মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يُرِدْ بِهَذَا الْعَدَدِ نَفْيًا عمَّا وراءه

---

আরবী

3178 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أحمد بن أبي بكر عن مالك عن سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رسول الله صلى الله عليه وسلم قَالَ: (الشَّهِيدُ خَمْسَةٌ: الْمَبْطُونُ وَالْمَطْعُونُ والغَرِقُ وَصَاحِبُ الهدم والشهيد)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3178 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (53).

বাংলা

৩১৭৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “শহীদ পাঁচ প্রকার। পেটের রোগে মারা যাওয়া ব্যক্তি, প্লেগে মারা যাওয়া ব্যক্তি, পানি ডুবে মারা যাওয়া ব্যক্তি, ধ্বসে চাপা পড়া ব্যক্তি এবং (আল্লাহর রাস্তায় যুদ্ধ করে) শহীদ।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৩১; মুসনাদ আহমাদ: ২/৩২৪-৩২৫; সহীহুল বুখারী: ৬৫৩; সহীহ মুসলিম: ১৯১৪; তিরমিযী; ১০৬৩; নাসাঈ আস সুনানুল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৯/৩৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92508

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন